শেখ হাসিনার উদ্যোগ

ISO 9001:2015 Certified

# চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

সদর দপ্তর: শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম
মোবাইল: ০১৭৬৯-৪০০৯৯৯
E-mail: ctgpbs3sitakunda@gmail.com, Website : www.pbs3.chittagong.gov.bd

মুজিব শতবর্ষ

স্মারক নং-২৭.১২.১৫৮৬.৫৬৮.০১.০০২.২৩. ৮৫৪

তারিখঃ ২১ মার্চ ২০২৩
৭ চৈত্র ১৪২৯

.................................................................
.................................................................
.................................................................।

বিষয়ঃ Dot Matrix Printer সরবরাহের পুনঃ দরপত্র (RFQ) আহবান প্রসঙ্গে।

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বিবরণ ও স্পেসিফিকেশন মোতাবেকDotMatrix Printer সরবরাহের জন্য প্রকৃত উৎপাদনকারী/বিক্রয়/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটারহেডে প্যাডে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত কোটেশন আহ্বান করা যাচ্ছে।

| ক্র নং | মালামালের বিবরণ | | পরিমাণ | একক মূল্য | মোট মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | **Specification of Dot Matrix Printer (PRI-1) Type-01** | | ০২টি | | |
| | Brand | Internationally Reputed Brand | | | |
| | Model | To be Mentioned by bidder | | | |
| | Country of Origin | To be Mentioned by bidder | | | |
| | Printing Method | 24-pin, Impact dot matrix | | | |
| | Printing Direction | Bidirectional with logic seeking | | | |
| | Printing Speed | High Speed Draft –Minimum 480 cps (10 cpi), Draft – 360 cps (10 CPI) | | | |
| | Copy Capacity | Minimum Original + 05 copies | | | |
| | Interface | Standard Bidirectional Parallel Interface, USB 2.0 | | | |
| | Paper Handling | Minium. Continuous size- 101.6 – 406.4 mm (4.0"-16.0") | | | |
| | Paper Thickness | 0.0025"-0.0055" (for cut sheet) to 0.0087" (max for card) | | | |
| | Memory | Minimum 128KB or Higher. | | | |
| | Relaibility/Life Expect. | MTBF- 20,000 power-on-hrs & Print head life- 400 million strokes/wire. | | | |
| | Power Supply | 220 +/-5%, 50 Hz VAC | | | |
| | Warranty | 1 Year(Full) | | | |

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগণকে আগামী ২৯/০৩/২০২৩খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনার পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (খ) চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম এ রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। দাখিলকৃত দরপত্রসমূহ একই দিনে বেলা ১২:০৫ ঘটিকায় চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর/বাপবিবো সদর দপ্তরে দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। দরদাতা প্রতিষ্ঠানের কম্পিউটার এন্ড কম্পিউটার এক্সেসরীজ সরবরাহ ও স্থাপন কাজের অভিজ্ঞতা থাকতে হবে। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স এবংদরদাতা প্রতিষ্ঠানের অবশ্যই বাংলাদেশ কম্পিউটার সমিতির সদস্য পদ থাকতে হবে। এর প্রমাণ স্বরূপ সদস্য নম্বর উল্লেখ করতে হবে এবং কম্পিউটার সমিতির এতদসংক্রান্ত পত্রের অনুলিপি প্রদান করতে হবে এবং ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সি ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৩। দরপত্র সঠিকভাবে পূরণ করে প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে স্বাক্ষর করতে হবে। দরপত্রে কোনরূপ ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।

০৪। দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে "ডট ম্যাট্রিক্স প্রিন্টার সরবরাহ ও স্থাপনের দরপত্র" কথাটি লিখতে হবে।

অঃ পৃঃ দ্রঃ

০৫। দাখিলকৃত স্পেসিফিকেশনের স্বপক্ষে Component এর মূল Printed Catalog/Broucher অবশ্যই দাখিল করতে হবে।

০৬। কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ কম/বেশি হতে পারে। এই ব্যাপারে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭। সরকারী নিয়মানুযায়ী মোট বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

০৮। কার্যাদেশ প্রদানের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে নিজ খরচে ও নিজ দায়িত্বে মালামাল সমিতির সদর দপ্তরে সরবরাহসহ সমিতি কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী স্থাপন করতে হবে।

০৯। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।

১০। বর্ণিত কাজ নির্ধারিত স্পেসিফিকেশন ও কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করতে হবে।

১১। স্পেসিফিকেশন অনুযায়ী স্থানীয় বাজারে পাওয়া না গেলে প্রদত্ত স্পেসিফিকেশন এর বিপরীতে উন্নত মডেল প্রদান করা যাবে তবে এইক্ষেত্রে অফারকৃত মালামালের যথেষ্ট কারিগরী ব্যাখ্যা (তুলনামূলক বিবরণীসহ) থাকতে হবে।

১২। অংশগ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠানের বিক্রয়োত্তর সেবা প্রদানের জন্য সার্ভিস সেন্টার এবং স্থায়ী লোকবল থাকতে হবে। তাদের সার্ভিস সেন্টারের ঠিকানা এবং হার্ডওয়্যার মেরামতকারী ব্যক্তি/ব্যক্তিবর্গের (ন্যূনতম দুইজন) বিস্তারিত জীবন বৃত্তান্ত ও ফটো প্রদান করতে হবে। কার্যাদেশপ্রদানের পূর্বে প্রতিষ্ঠানের অফিস ও সার্ভিস সেন্টার পবিস/বাপবিবো এর প্রতিনিধি পরিদর্শন করতে পারবেন।

১৩। মালামাল সরবরাহকালে প্রত্যেক মালামালের সাথে সরবরাহকারীর নাম, কার্যাদেশ নং, তারিখ ও ক্রমিক নং সম্বলিত একটি ষ্টিকার লাগানো থাকতে হবে।

১৪। চট্টগ্রাম পবিস-৩ এর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

21/3/23

(মৃদুল কান্তি চাকমা)
জেনারেল ম্যানেজার

**অনুলিপি: সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ।**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, বাপবিবো, চট্টগ্রাম।
০৩। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, চট্টগ্রাম।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবো ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার............... সমিতি-১/ ২/ ৩/ ৪।
০৬। নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম (উত্তর), বাপবিবোর্ড, চট্টগ্রাম।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, চট্টগ্রাম।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সীতাকুন্ড/মীরসরাই/হাটহাজারী, চট্টগ্রাম।
০৯। ডিজিএম, সদর-কারিগরী/মীরসরাই/হাটহাজারী/বারৈয়ারহাট জোনাল অফিস।
১০। এজিএম (অর্থ/ওএন্ডএম/আইটি)।
১১। চট্টগ্রাম পবিস-৩/বাপবিবো ওয়েবসাইট।{ (জেই (আইটি) বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ ও প্রেরণ নিশ্চিত করবেন}।
১২। নোটিশ বোর্ড/অফিস কপি/মাস্টার কপি।

21/3/23

(মৃদুল কান্তি চাকমা)
জেনারেল ম্যানেজার